

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- জারাবো/কর-৭/আঃআঃবিঃ/আয়কর বাজেট/২০১০/৯৯

তারিখ : ০১-০৭-২০১০

প্রেরক : প্রথম সচিব (আয়কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক : পরিচালক
জাতীয় সঞ্চয় পরিদপ্তর
ঢাকা।

বিষয় : সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ বিষয়ে জানানো যাচ্ছে যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২উ ধারা অনুসারে সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানকালে ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান আছে। তবে এই ধারার প্রথম চুড়ারংড় অনুসারে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা প্রদানকালে উৎসে কর কর্তন প্রযোজ্য ছিল না। এই উৎসে আয়কর কর্তনের অব্যাহিত সীমা সংক্রান্ত বিধান জাতীয় সংসদ কর্তৃক অনুমোদিত অর্থ বিল ২০১০ এ প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ বর্তমান বিধান অনুযায়ী যে কোন অংকের সুদ/মুনাফা প্রদানের বেলায় ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। এ বিধান ০১/০৭/২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের বেলায় কার্যকর হবে।

উলেখ্য পেনশনার সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র ও ওয়েজ আনার্স ডেভেলপমেন্ট বন্ড উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত থাকবে। অনুমোদিত সুপার এ্যানুয়েশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড বা পেনশন ফান্ড কর্তৃক খরিদকৃত সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানও উৎসে কর কর্তনের আওতা বহির্ভূত থাকবে।

উপরোক্ত বিধানাবলী পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ রুহুল আমিন)
প্রথম সচিব (আয়কর নীতি)